# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) বিধানসভার উপনির্বাচনে জয়লাভ করা ৫ জন বিধায়কের শপথগ্রহণ/

২) হৈ - হট্টগোলপূর্ণ পরিস্থিতির জন্য সংসদের শীতকালীন অধিবেশনের কাজকর্ম চতুর্থ দিনে স্থগিত/

৩) শিবসাগরের ঐতিহাসিক কীর্তিচিহ্ন রংঘরের সৌন্দর্য্যবর্ধন ও গৌহাটির আসাম রাজ্য চিড়িয়াখানার উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের ২০০ কোটি টাকার তহবিলে অনুমোদন।

এবং

৪) আইআইটি গুয়াহাটিতে আগামীকাল থেকে দশম বার্ষিক ভারত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসব/ মহোৎসবের দোসরা ডিসেম্বরের অনুষ্ঠানে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ তথা বিশিষ্ট বিজ্ঞানী এস সোমনাথের অংশগ্রহণ।

---

রাজ্যে সম্প্রতি অনুষ্ঠিত বিধানসভার উপনির্বাচনে বিজয়ী পাঁচজন বিধায়ক আজ বিধানসভার নতুন ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন । বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী , ধলাই আসন থেকে নিহাররঞ্জন দাস ,বঙাইগাও এর দিপ্তীময়ী চৌধুরী , বিহালীর দিগন্ত ঘাটোয়াল , সিদলীর নির্মল কুমার ব্রক্ষ্ম ও সামগুরি আসন

থেকে জয়ী হোয়া দিপ্লুরঞ্জন শর্মাকে শপথ বাক্য পাঠ করান ।শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত ছিলেন ।

---

সংসদের শীতকালীন অধিবেশনের আজ চতুর্থ দিনে হৈ হট্টগোল পরিস্থিতির জন্য উভয় সভার কাজকর্ম স্থগিত রাখা হয় । আজ সকালে রাজ্যসভার কাজকর্ম শুরু হওয়ার পর বিরোধী সদস্যরা নির্দিষ্ট ব্যবসায়ী গোষ্ঠির উপহার ইত্যাদি বিষয় নিয়ে  সভা স্থগিত প্রস্তাব উত্থাপন করলে রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকড়  বিরোধি সদস্যদের এই প্রস্তাব অগ্রাহ্য করেন ।শ্রী ধনকড় সংসদের কাজকর্ম বাধাপ্রাপ্ত হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দিনটির জন্য সভা স্থগিত রাখা হয় ।

এদিকে আজ লোকসভার কাজকর্ম শুরু হওয়ার পর কংগ্রেস , ডি এম কে , সমাজবাদী পার্টী সহ অন্যান্য বিরোধি দলএর সদস্যরা হৈ হট্টোগোল পরিস্থিতির সৃষ্টি করে ।লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সভার শূণ্যকালের কাজকর্ম সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার প্রয়াস করলেও বিরোধি সদস্যরা নিজেদের দাবীতে অনড় থাকে ।এই পরিস্থিতিতে বেলা ১২ টা পর্যন্ত লোকসভার কাজকর্ম স্থগিত রাখা হয় ।

---

পঞ্চায়েত নির্বাচন নিয়ে রাজনৈতিক দলগুলির মধ্যে তৎপরতা চলাকালীন সময়ে আগামী পয়লা ফেব্রুয়ারী থেকে ৫ ই ফেব্রুয়ারীর মধ্যে নির্বাচন অনুষ্ঠিত করার জন্য রাজ্য নির্বাচন কমিশন প্রস্তুতি শুরু করেছে । উল্লেখ্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আগামী ১০ ই ফেব্রুয়ারীর আগে পঞ্চায়েত নির্বাচন সম্পূর্ন করার জন্য রাজ্য মন্ত্রীসভায় গ্রহণ করা সিদ্ধান্তের কথা জানিয়ে এই নির্বাচন নিয়ে সম্প্রতি শাসক- বিরোধী উভয় পক্ষের মধ্যে প্রস্তুতি আরম্ভ হয়েছে বলে জানান ।এই উদ্দেশ্যে পঞ্চায়েত নির্বাচনের জন্য খসরা ভোটার তালিকা প্রকাশ করার কাজ ও শুরু হয়েছে ।রাজ্য নির্বাচন কমিশনের একটি সূত্রে জানানো হয়েছে যে পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার আগে আগামী ১০ ,১১ ডিসেম্বর পঞ্চায়েত নির্বাচনের খসরা প্রকাশ করা হবে । অন্যদিকে ১৪ থেকে ২১ শে ডিসেম্বর পর্যন্ত খসরা ভোটার তালিকা ও দাবী আপত্তি নিষ্পত্তি করা সহ ২৮ শে ডিসেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।সূত্রে জানানো হয়েছে যে ডিসেম্বরের শেষ দিকে যদি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয় তাহলে জানুয়ারীর প্রথম দিকে নির্বাচনের দিন ঘোষনা করা হবে ।

---

রাজ্যের দুটি পর্যটন প্রকল্পের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার প্রায় ২০০ কোটি টাকার তহবিলে অনুমোদন জানানোয় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।রাজ্য গুলোকে প্রদান করা বিশেষ সাহায্যের অধীনে কেন্দ্রীয় সরকার রংঘর এবং রাজ্য চিরিয়াখানার উন্নয়নের জন্য এই তহবিলে অনুমোদন জানায় ।কেন্দ্রীয় সরকার আসাম রাজ্য চিরিয়াখানা তথা উদ্ভিদ উদ্যানের জন্য ৯৭ কোটি ১২ লক্ষ টাকা এবং শিবসাগর রংঘরের সৌন্দর্য বর্ধনের জন্য ৯৪ কোটি ৭৬ লক্ষ টাকার তহবিলে অনুমোদন জানিয়েছে ।রাজ্যের সর্বাঙ্গীন বিকাশ ও উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা এই পদক্ষেপের প্রতি মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ধন্যবাদ জ্ঞাপন করেন ।

--------------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন জেলার ১৫ জন জেলা আয়ুক্ত একটি করে জলজীবন মিশন প্রকল্পের দায়িত্ব গ্রহণ করেছেন বলে জনস্বাস্থ্য কারিগড়ি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া জানান ।হাইলাকান্দি জেলা সহ বিভিন্ন জেলার আয়ুক্তরা একটি করে জলজীবন মিশন প্রকল্পের দায়িত্ব গ্রহণ করা সহ পাইপের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ প্রকল্পও পরিদর্শন করেন ।এই প্রচেষ্টার অংশ হিসেবে মন্ত্রী শ্রী মল্লবরুয়া সাংসদ ও বিধায়কদেরকেও একটি করে প্রকল্পের দায়িত্ব গ্রহণ করআর আহ্বান জানান ।এদিকে জলজীবন মিশনের কাজকর্মের সঙ্গে জড়িত বাস্তুকাররাও ইতিমধ্যে একটি করে প্রকল্পের দায়িত্ব গ্রহণ করেছে বলে তিনি জানান ।

--------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে আগামীকাল থেকে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অসমী সরস মেলা অনুষ্ঠিত হবে ।এই মেলা আগামী ১৫ ই ডিসেম্বর পর্যন্ত চলবে । মেলা প্রতিদিন সকাল দশটা থেকে রাত ৯ টা পর্যন্ত চলবে । এই মেলায় রাজ্যের বিভিন্ন অঞ্চল সহ দেশের বিভিন্ন জনগোষ্ঠির হস্তশিল্প এবং পরম্পরাগত সামগ্রীর প্রদর্শন তথা ষ্টল থাকবে ।

--------------------------------------------------------------------------------------------

আই আই টি গৌহাটীতে আগামীকাল থেকে তেসরা ডিসেম্বর পর্যন্ত চারদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে দশম বার্ষিক ভারত আর্ন্তজাতিক বিজ্ঞান মহোৎসব অনুষ্ঠিত হবে ।কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের উদ্যোগে অনুষ্ঠেয় এই মহোৎসবে আগামী দোসরা ডিসেম্বরের অনুষ্ঠানে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ তথা বিশিষ্ট বিজ্ঞানী এস সোমনাথ ছাত্র ছাত্রীদের সংগে মত বিনিময় করবেন ।আনবিক শক্তি বিভাগ , ভারতীয় মহাকাশ বিজ্ঞান বিভাগ ও বিজ্ঞান ভারতীর সহযোগীতায় আয়োজন করা এই মহোৎসব বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা মন্ত্রনালয়ের স্বাধীনদায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী জীতেন্দ্র সিং উদ্ভোধন করবেন ।উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও

মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা উপস্থিত থাকবেন । মহোৎসবে দেশের বিভিন্ন প্রান্তের ১০ হাজারের ও বেশী প্রতিনিধি অংশ গ্রহণ করবেন ।

-------------------------------------------------------------------------------------

কাজিরাঙায় অনুষ্ঠিত আর্ন্তজাতিক পর্যটন মেলার আজ সমাপ্তি হয় । কাজিরাঙা সহ আসামের পর্যটনকে আর্ন্তজাতিক পর্যায়ে তুলে ধরার প্রয়াসের উদ্দেশ্যে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রনালয় ও আসাম পর্যটন বিভাগ এই আর্ন্তজাতিক মেলার আয়োজন করেছিল । বেশ কয়েকটি দেশ সহ ভারতের বিভিন্ন রাজ্যের ট্যুর অপারেটর ও প্রতিনিধিরা এই মেলায় অংশ গ্রহণ করে । ইটালী , স্পেইন , শ্রীলংকা ,আফগানিস্তান রাশিয়া সহ বিশ্বের বিভিন্ন প্রান্তের পর্যটন প্রতিনিধিরা এতে অংশ নিয়ে কাজিরাঙা জাতীয় উদ্যান সহ আসামের চা শিল্পের ভূয়সী প্রশংসা করেন ।এই অনুষ্ঠানের পর কাজিরাঙায় অধিক পর্যটকের আগমন হবে বলে আশা করা হচ্ছে ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা বস্ত্র শিল্পে মহিলার অংশ গ্রহণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে বলে মন্তব্য করেছেন ।আজ নতুনদিল্লীতে এক সাংবাদিকদের মন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকারের সমর্থ প্রকল্পের অধীনে প্রায় ৬ লক্ষ মহিলা হিতাধিকারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে ।বস্ত্র শিল্পের সহযোগীতায় এই প্রকল্পটির মাধ্যমে নিয়োগের সুবিধা বৃদ্ধি সহ দক্ষতা বিকাশের লক্ষ্য গ্রহণ করা হয়েছে বলে শ্রী মার্ঘেরিটা জানান ।বস্ত্র মন্ত্রনালয়ের অধীনে থাকা মোট হিতাধিকারীদের মধ্যে ৮৮ শতাংশ মহিলা বলে তিনি উল্লেখ করেন ।সমাজের সব স্তরের লোককে মূল স্রতে এনে তাদের সবলীকরণের জন্য সরকারের গ্রহণ করা পদক্ষেপগুলির ওপর মন্ত্রী আলোকপাত করেন ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী তেসোরা থেকে ৫ই ডিসেম্বর পর্য্যন্ত স্বাস্থ্য সেবা উৎসব-৩ এর জন্য প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ আজ স্বাস্থ্য বিভাগের কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে জেলার ২৬টি স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবা উৎসব-৩ অনুষ্ঠিত হবে । এরমধ্যে একটি চা বাগান অঞ্চলের স্বাস্থ্য কেন্দ্র রয়েছে ।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের ডি পি এম মরুফ আলম বরভুইয়া , ডি এম ই মনিকা দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য স্বাস্থ্য সেবা উৎসব-২ তে হাইলাকান্দি জেলার ১২টি স্বাস্থ্য কেন্দ্র এ গ্রেড , ৬টি স্বাস্থ্য কেন্দ্র বি গ্রেড এবং একটি স্বাস্থ্য কেন্দ্র সি গ্রেড লাভ করে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর-হাইলাকান্দি রোডের সি আর এভিনিউ পয়েন্ট থেকে শনি মন্দির পর্য্যন্ত অংশে বা দিকের লেন সাময়িকভাবে বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে সড়কের বাঁ দিকের অংশে চার মিটার  কালভার্ট নির্মানের জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে আগামী তেসোরা ডিসেম্বর থেকে আগামী ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত সড়ক বন্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় কৃষি ও গ্রামীন উন্নয়ন ব্যাঙ্ক ,নার্বাডের উদ্যোগে এবং স্টেইট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সহযোগীতায় হাইলাকান্দি জেলার লালা উন্নয়ন খন্ডের অর্ন্তগত আমলায় আজ স্বয়মসিদ্ধা ঋনের একদিনের কর্মশালা অনুস্টিত হয়েছে । কর্মশালায় মহিলাদের আত্ম-নির্ভর হওয়ার বিভিন্ন কৌশল ও সরকারী সাহায্য নিয়ে আলোচনা করা হয়েছে । কর্মশালায় নার্বাডের ডি ডি এম রবিশংকর লিকমাভাম , স্টেইট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার মনাচড়া শাখার শাখা প্রবন্ধক গোনাদ্রি ভট্টাচার্য্য , লালা ব্লকের সংযোজক বিক্রমজিৎ ধর , সিনিয়র ফেকাল্টি শাহিদ চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলনে ।

---------------------------------------------------------------------------------------